

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৪৫(আগরতলা ৩।১)

খোয়াই, ৩ জানুয়ারি, ২০২৪

খোয়াই অফিসটিলা উচ্চ বিদ্যালয়ে পরিবেশ বিষয়ক কর্মশালা

ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের উদ্যোগে ও খোয়াই অফিসটিলা উচ্চ বিদ্যালয়ের ব্যবস্থাপনায় পুরাতন টাউন হলে সম্প্রতি পরিবেশ বিষয়ক একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করে খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থে একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক জাতীয় দ্রব্যকে বর্জনের পাশাপাশি অধিক সংখ্যায় বৃক্ষরোপণের জন্য ছাত্রছাত্রী ও অভিভাবকদের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশীষ নাথশর্মা। এছাড়া উপস্থিত ছিলেন জেলা শিক্ষা আধিকারিক কার্যালয়ের ওএসডি ঋষিকেশ দেববর্মা সহ অন্যান্য আধিকারিকগণ। স্বাগত ভাষণ দেন খোয়াই বিদ্যালয় পরিদর্শক প্রভেন দেববর্মা। সভাপতিত্ব করেন অফিসটিলা উচ্চ বিদ্যালয়ের বিদ্যালয় পরিচালন কমিটির ভাইস চেয়ারম্যান স্বরজিৎ দাস।
